

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮৮৬

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ সাহাবার মাহাত্ম্য

## আরবী

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ عَلِي يَأْتِي عَلَى النَّاسِ زَمَانٌ فَيَغْزُو فِئَامٌ مِنْ النَّاسِ فَيَقُولُونَ نَعَمْ فَيُفْتَحُ لَهُمْ ثُمَّ يَأْتِي عَلَى النَّاسِ فَيَقُولُونَ نَعَمْ فَيُفْتَحُ لَهُمْ ثُمَّ يَأْتِي عَلَى النَّاسِ فَيُقَالَ هَلْ فِيكُمْ مَنْ صَاحَبَ أَصْحَابَ رَسُولِ اللهِ عَلَي النَّاسِ فَيقُولُونَ نَعَمْ فَيُفْتَحُ لَهُمْ ثُمَّ يَأْتِي عَلَى النَّاسِ زَمَانٌ فَيَغْزُو فِئَامٌ مِنْ النَّاسِ فَيُقَالَ هَلْ عَلَى النَّاسِ زَمَانٌ فَيَغْزُو فِئَامٌ مِنْ النَّاسِ فَيُقَالَ هَلْ وَيكُمْ مَنْ صَاحَبَ أَصْحَابَ رَسُولِ اللهِ عَلَى النَّاسِ فَيُقَالَ هَلْ فِيكُمْ مَنْ صَاحَبَ مَنْ صَاحَبَ أَصْحَابَ رَسُولِ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى الله عَلَى النَّاسِ فَيُقَالَ هَلْ فَي فُولُونَ نَعَمْ فَيُفْتَحُ لَهُمْ

## বাংলা

(২৮৮৬) আবূ সাঈদ খুদরী (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "লোকেদের নিকট একটি যুগ আসছে, যখন একটি জামাআত যুদ্ধে বের হবে। তাদেরকে বলা হবে, 'তোমাদের মাঝে কি এমন লোক আছে, যে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দর্শন করেছে?' তারা বলবে, 'হাাঁ।' সুতরাং তাদের বিজয় লাভ হবে। অতঃপর একটি জামাআত যুদ্ধে বের হবে। তাদেরকে বলা হবে, 'তোমাদের মাঝে কি এমন লোক আছে, যে তাকে দর্শন করেছে, যে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গ লাভ করেছে?' তারা বলবে, 'হাাঁ।' সুতরাং তাদের বিজয় লাভ হবে। অতঃপর একটি জামাআত যুদ্ধে বের হবে। তাদেরকে বলা হবে, 'তোমাদের মাঝে কি এমন লোক আছে, যে তাকে দর্শন করেছে, যে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গীর সঙ্গ লাভ করেছে?' তারা বলবে, 'হাাঁ।' সুতরাং তাদের বিজয় লাভ হবে।

## ফুটনোট

(বুখারী ৩৬৪৯, মুসলিম ৬৬৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন